

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৮

আগরতলা, ২০ জুন, ২০২৪

রেলওয়ে কলোনীতে টিকাকরণ কর্মসূচি

উত্তর ত্রিপুরা জেলার পদ্মপুর আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন রেলওয়ে কলোনীতে সম্প্রতি টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে ৩ জন গর্ভবতী মহিলা ও ৫ জন শিশুকে টিকাকরণ করা হয়েছে। তাছাড়াও স্বাস্থ্যকর্মীগণ ম্যালেরিয়া প্রতিরোধের উপায়, গ্রাম্য মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা, জেএসওয়াই, জেএসএসকে, পরিবার পরিকল্পনা, সম্পূর্ণ টিকাকরণের গুরুত্ব ও সময়মত টিকা নেওয়ার উপকারিতা এবং কার্যকারিতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
